



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা)
এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd



নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৯২৯

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩
২৪ সেপ্টেম্বর ২০২৬

দপ্তরাদেশ

পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০২৫.৯৯.০১.২০২১-১৭; তারিখ: ২১/০৯/২০২৬ খ্রি. মোতাবেক “পাবনা জেলার ইছামতি নদী পুনরুজ্জীবিতকরণ” শীর্ষক চলমান প্রকল্পের Rescoping ও Repurposing-এর লক্ষ্যে প্রকল্পের কার্যক্রম ও ডিজাইন পুনঃযাচাইপূর্বক প্রকল্প ব্যয় হ্রাস এবং সংশোধিত ডিপিপি প্রণয়নের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃসদস্যসহ বাপাউবো’র নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কারিগরি কমিটি পুনর্গঠন করা হলো।

ক্রম নং	কর্মকর্তাগণের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।	আইবায়ক
২।	জনাব নাসরিন আলম সাথী, উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রধান (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	জনাব মোঃ রেজাউল করিম, নির্বাহী প্রকৌশলী (পুর), অতি. প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল এর দপ্তর, রাজশাহী।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি :

i) “পাবনা জেলার ইছামতি নদী পুনরুজ্জীবিতকরণ” শীর্ষক চলমান প্রকল্পের Rescoping ও Repurposing-এর লক্ষ্যে গত ০৬/০৮/২০২৬ খ্রি. তারিখে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহের আলোকে প্রকল্পের কার্যক্রম ও ডিজাইন পুনঃযাচাইপূর্বক প্রকল্প ব্যয় হ্রাসকরণের বিষয়ে মতামত ও সুপারিশ প্রদান:

ক) প্রকল্পের আওতায় এলসি-৮ খাল (সংযোগ খাল-৮) ৫৮.২৭৬ হেক্টর জমি অধিগ্রহণসহ নতুনভাবে খননের পরিবর্তে ইছামতি নদী আপাততঃ মাধপুর রেগুলেটর পর্যন্ত খনন করতে হবে।

খ) এলজিইডি কর্তৃক পাবনা শহরের নিকটবর্তী স্থানে প্রস্তাবিত ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপিত হওয়ার পরে মাধপুরে একটি রেগুলেটর এবং বেড়াতে অবস্থিত রোটপাস পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত না হলে আরো একটি রেগুলেটর নির্মাণ করে জুন হতে অক্টোবর পর্যন্ত ৪ মাস প্রধান সেচ খালের (ইছামতি নদীর ৪২ কি.মি. অংশ) মাধ্যমে পানির প্রবাহ সচল রাখা যেতে পারে। বছরের বাকি ৮ মাস ইছামতি নদীর ক্রোজার দুইটির মধ্যবর্তী ৪২ কি.মি. প্রধান সেচ খাল হিসেবে ব্যবহার করা যেতে পারে।

গ) খাল খননের কাজ সম্পূর্ণ না করে অবশিষ্ট ৫টি ব্রিজ নির্মাণ/পুনঃনির্মাণের কাজ আপাততঃ বন্ধ রাখতে হবে।

ঘ) রূপপুর চ্যানেলের উৎসমুখ থেকে ২৩ কি.মি. অংশে সিসি লাইনিং অপসারণসহ বেড লেভেল ৭.৩৮-৬.৪২ মি. পিডব্লিউডি এর পরিবর্তে ৫.০০-৪.১৮ মি. পিডব্লিউডি এ খনন কার্যক্রম আপাতত বন্ধ রাখতে হবে। তবে সিসি লাইনিং অপসারণ ব্যতিরেকে মূল ডিপিপি’র ডিজাইন (বেড লেভেল ৭.৩৮-৬.৪২ মি. পিডব্লিউডি) অনুযায়ী খনন করা যেতে পারে।


ii) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩ (তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।

৪। এতদ্বারা অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৭৮০, তারিখ: ১৭ আগস্ট ২০২৬ খ্রি. মোতাবেক “পাবনা জেলার ইছামতি নদী পুনরুজ্জীবিতকরণ” শীর্ষক চলমান প্রকল্পের গঠিত কারিগরি কমিটি বাতিল করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



২৪-০৯-২০২৬

সজল কুমার রায়

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন : ০২২২২২৩০০৪০


ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৯২৯/১ (১৭)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩
২৪ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ২। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ৩। অতি. প্রধান প্রকৌশলী, ডিজাইন এন্ড রিসার্চ, বাপাউবো, ঢাকা।
- ৪। অতি. প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পাবনা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পাবনা।
- ৮। উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ৯। যুগ্ম প্রধান, অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১। নির্বাহী প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
- ১২। নির্বাহী প্রকৌশলী (পুর) (রুটিন দায়িত্ব), উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
- ১৩। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
- ১৪। সহকারী প্রধান (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
- ১৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ১৭। দপ্তর কপি।



২৪-০৯-২০২৬

সজল কুমার রায়

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)